



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে
আইকিউএসি আয়োজিত প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ নভেম্বর ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে Preparing SAR and Improvement Plan শীর্ষক প্রশিক্ষন কর্মশালা উদ্বোধন করা হয়েছে। ১৬ নভেম্বর ২০২১ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরাফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, শিক্ষাই হচ্ছে একটি জাতির মেরুদণ্ড। প্রতিযোগিতার এই বিশ্বে উন্নত দেশগুলোর সাথে তাল মিলিয়ে চলতে গেলে একটি বিশ্ববিদ্যালয়কে শুধু একাডেমিক শিক্ষাই নয় পাশাপাশি গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের উপরও গুরুত্বারোপ করতে হবে। অন্যথায় বিশ্বায়নের এ চ্যালেঞ্জ মোকাবেলা করা অসম্ভব হয়ে পড়বে। এক্ষেত্রে এধরনের প্রশিক্ষন কর্মশালা শিক্ষকদের মনোবল বৃদ্ধি ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন এর সভাপতিত্বে প্রশিক্ষন কর্মশালায় রিসোর্চ পার্সন ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির অতিরিক্ত পরিচালক ও সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ববির আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির ১৮ জন সম্মানিত সদস্য প্রশিক্ষন গ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস